বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং -প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/১৩৮০(১২০০) তারিখঃ ০৩/১২/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ এর সময়ভিত্তিক সঠিকভাবে বাস্তবায়ন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ঘোষিত প্রণোদনা প্যাকেজ সমূহ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর বৈশ্বিক মহামারির প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী তথা বাংলাদেশ সরকার কর্তৃক মোট ১,১৩,১১৭ কোটি টাকার বিভিন্ন আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে। সরকারের নির্দেশনায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্যাকেজসমূহ বাস্তবায়নের জন্য বিভিন্ন সময়ে সার্কুলার ও সার্কুলার লেটার জারী করা হয়েছে যা অনুসরণ করে উক্ত প্রণোদনা প্যাকেজ সমূহ বাস্তবায়নে অত্র ব্যাংক হতেও নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। প্রণোদনা প্যাকেজসমূহে বাংলাদেশ কৃষি ব্যাংক সংশ্লিষ্ট খাতের মধ্যে "কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃ অর্থায়ন স্কীম " (এসিডি সার্কুলার নং ০১/২০২০ তারিখঃ ১৩/০৪/২০২০) , কৃষি খাতে " নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় কৃষকের অনুকূলে প্রণোদনা সুবিধার আওতায় শস্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদহারে কৃষি ঋণ প্রদান" (এসিডি সার্কুলার নং ০২/২০২০ তারিখঃ ২৭/০৪/২০২০), সিএমএসএমই খাতের জন্য " করোনা ভাইরাস মোকাবেলায় বিশেষ ঋণ / বিনিয়োগ সুবিধা এস এম ই প্যাকেজ" (এসএমইএসপিডি সার্কুলার নং ০১/২০২০ তারিখঃ ১৩/০৪/২০২০) ও বিকেবির নিজস্ব কর্মসূচি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন এবং বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠনের লক্ষ্যে এতদ্ সংক্রান্ত কর্ম পরিকল্পনার অংশ হিসেবে দারিদ্র্য বিমোচনে বিশেষ ঋণ প্রদান কর্মসূচীর আওতায় ব্যাংকের নিজস্ব উৎস্য হতে স্বল্প সুদে ৩০০.০০ (তিন শত) কোটি টাকা ঋণ বিতরণ উল্লেখযোগ্য। উল্লেখিত খাত সমূহে ৩০/১১/২০২০ তারিখ ভিত্তিক অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয় | এসিডি-১ | | | এসিডি-২ | | | সিএমএসএমই | | | মুজিব শতবার্ষিকী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
| ১ | ঢাকা | ৩০৫.০০ | ২১৮.৭৭ | ৭১.৭২% | | ১৫২.৬০ | | ৫০.০০ | ৩৩.৫৭ | ৬৭.১৪% | ৪০.৫০ | ৩৬.১৫ | ৮৯.২৫% |
| ২ | ময়মনসিংহ | ৩৫৩.০০ | ২৫০.৬০ | ৭০.৯৯ | | ৮০.৬৯ | | ২৭.০০ | ২১.৬২ | ৮০.০৭% | ৩৮.০০ | ৩২.৩১ | ৮৫.০৩% |
| ৩ | চট্টগ্রাম | ৯৪.০০ | ৭০.১৮ | ৭৪.৬৫ | | ১১৫.৫৩ | | ২৮.৫০ | ২১.৮৯ | ৭৬.৮০% | ৩০.০০ | ২০.৫৫ | ৬৮.৫১% |
| ৪ | খুলনা | ৩২৬.০০ | ২৩৫.০৩ | ৭২.০৯ | | ৪১.০৩ | | ১৮.০০ | ১৩.৭১ | ৭৬.১৭% | ২৫.২০ | ২৫.০৬ | ৯৯.৪৪% |
| ৫ | বরিশাল | ১৪৯.০০ | ১০৮.৪৭ | ৭২.৭৯ | | ১৪৮.৮৮ | | ৭.০০ | ৬.৪৮ | ৯২.৫৬% | ৩৭.৫০ | ৩৩.৯৩ | ৯০.৪৮% |
| ৬ | সিলেট | ৭১.০০ | ৪৯.৪২ | ৬৯.৬০ | | ৪৬.৯৫ | | ১৮.০০ | ১৩.৩৫ | ৭৪.১৭% | ২৯.৫০ | ১৮.৪৯ | ৬২.৬৯% |
| ৭ | কুমিল্লা | ১৪২.০০ | ১০৯.৬৩ | ৭৭.২০ | | ১৯১.৩৫ | | ৪০.০০ | ২৮.৯১ | ৭২.২৭% | ৪৯.০০ | ৪০.৮৯ | ৮৩.৪৪% |
| ৮ | ফরিদপুর | ১১৩.০০ | ৮৩.৯১ | ৭৪.২৫ | | ৭০.৯০ | | ১৮.০০ | ১৫.৪৮ | ৮৬.০০% | ২৪.০০ | ১৯.০৮ | ৭৯.৫১% |
| ৯ | কুষ্টিয়া | ১৪৫.০০ | ১০২.১১ | ৭০.৪২ | | ২৪২.৪৮ | | ২৫.৫০ | ১৭.৭৪ | ৬৯.৫৭% | ২৫.০০ | ২৪.২৯ | ৯৭.১৬% |
| ১০ | এলপিও | ১.০০ | ০.২৫ | ২৫.০০% | | ০.০০ | | ১০.০০ | ৮.৫০ | ৮৫.০০% | ১.৩০ | ০.০৮ | ৬.১৫% |
| মোট | | ১৬৯৯.০০ | ১২২৮.৩৭ | ৭২.৩০% | | ১০৯০.৪২ | | ২৪২.০০ | ১৮১.২৫ | ৭৪.৯০% | ৩০০.০০ | ২৫০.৮৩ | ৮৩.৬১% |

চলমান পাতা-০২

**বিষয়ঃ নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ এর সময়ভিত্তিক সঠিকভাবে বাস্তবায়ন প্রসংগে।**

০৪। পূর্ব পাতার সারণী পর্যালোচনায় দেখা যায়, এসিডি সার্কুলার নং ০১/২০২০ এর আওতায় এ খাতে অত্র ব্যাংকের মোট ঋণ বিতরণ এর লক্ষ্যমাত্রা ১৬৯৯.০০ কোটি টাকার বিপরীতে অর্জিত হয়েছে ১২২৮.৩৭ কোটি টাকা, যা মোট বিতরণ লক্ষ্যমাত্রার ৭২.৩০% । ৩০/১১/২০২০ তারিখ পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% কোন বিভাগীয় কার্যালয়ই অর্জন করতে পারেনি। বিগত ২৩/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় সম্মেলনে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আগামী ১৫/১২/২০২০ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে এ খাতে আরও ঋণ বিতরণ করতে হবে ৪৭০.৬৩ কোটি টাকা। হাতে আছে ০৯ (নয়) টি কর্মদিবস। ঢাকা, ময়মনসিংহ, খুলনা, সিলেট ও কুষ্টিয়া বিভাগের অর্জন বিকেবির গড় অর্জনের চেয়ে নীচে যা হতাশাজনক । এসিডি সার্কুলার নং ০২/২০২০ এর আওতায় কোন লক্ষ্যমাত্রা নির্ধারিত না থাকলেও ২০২০-২০২১ অর্থবছরে অত্র ব্যাংকের জন্য শস্যখাতে নির্ধারিত লক্ষ্যমাত্রাই এক্ষেত্রে লক্ষ্যমাত্রা হিসেবে বিবেচিত। সে অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরে শস্যখাতে কোন বিভাগই সময়ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। সেপ্টেম্বর হতে পরবর্তী বছরের মার্চ পর্যন্ত শস্য ঋণ বিতরণের ভরা মৌসুম। এ সময়কে কাজে লাগিয়ে এখাতে ঋণ বিতরণ ত্বরান্বিত করার জন্য সকলকে অনুরোধ করা হলো। এসএমইএসপিডি সার্কুলার নং ০১/২০২০ এর আওতায় এ খাতে অত্র ব্যাংকের মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ২৪২.০০ কোটি টাকার বিপরীতে অর্জিত হয়েছে ১৮১.২৫ কোটি টাকা, যা মোট বিতরণ লক্ষ্যমাত্রার ৭৪.৯০% যা মোটেও সন্তোষজনক নয়। ১৫/১২/২০২০ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে আরও ঋণ বিতরণ করতে হবে ৬০.৭৫ কোটি টাকা। হাতে আছে ০৯ (নয়) টি কর্মদিবস। ঢাকা, সিলেট, কুমিল্লা ও কুষ্টিয়া বিভাগের অর্জন বিকেবির গড় অর্জনের চেয়ে নীচে যা হতাশাজনক। মুজিব শতবার্ষিকী ঋণ বিতরণ কর্মসূচিতে চট্টগ্রাম, সিলেট ও স্থানীয় মুখ্য কার্যালয়ের অর্জন অসন্তোষজনক।

০৫। ঋণ বিতরণের অর্জন সন্তোষজনক না হওয়ায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অসন্তোষ ব্যক্ত করছেন এবং নির্ধারিত সময়সীমার মধ্যে বিভাগীয় কার্যালয়সমূহ ও স্থানীয় মুখ্য কার্যালয়কে নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের নির্দেশনা দিয়েছেন।

০৬। এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ এর জারীকৃত নীতিমালাসমূহ অনুসরণপূর্বক প্রণোদনা প্যাকেজসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করা জরুরী। এ কার্যক্রমে গতিশীলতা আনয়নপূর্বক প্রণোদনা প্যাকেজ সমূহের (এসিডি ০১ ও এসএমইএসপিডি ০১ ) এর আওতায় নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ আগামী ১৫/১২/২০২০ তারিখের মধ্যে এবং অবশিষ্ট প্যাকেজ সমূহের সময়ভিত্তিক আনুপাতিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রতিনিয়ত সংশ্লিষ্টদের কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণ করছেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

06/12/2020

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক(প্রশাসন মহাবিভাগ)
মহাব্যবস্থপক (পরিকল্পনা ও পরিচালন)
মহাবিভাগ এর দায়িত্বে

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/১৩৮০(১২০০) তারিখঃ ০৩/১২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের প্রাইভেট জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

06/12/2020

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
৯৫৫০৪০৩